দৈনিক
আমাদের সময়

তারিখ 06 JUN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৭

# প্রেসিডেন্সি ইউনিভার্সিটিতে চলছে ভর্তিমেলা

নিজস্ব প্রতিবেদক •

স্বনামধন্য বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রেসিডেন্সি ইউনিভার্সিটিতে গ্রীষ্মকালীন সেমিস্টারে ভর্তি মেলার আয়োজন করা হয়েছে। ভর্তি মেলা উপলক্ষে তাৎক্ষণিক ভর্তির ক্ষেত্রে ৫০ শতাংশ টিউশন ফি ছাড় দেওয়া হচ্ছে। আগামী ১৪ জুন ২০১৬ পর্যন্ত চলবে ভর্তি মেলা। গতকাল সকালে রাজধানীর গুলশান ও বনানী ক্যাম্পাসে ভর্তি মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এম. আমানউল্লাহ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. এএনএম মেশকাত উদ্দিন, ব্যবসা প্রশাসন বিভাগের ডিন অধ্যাপক ড. নুরুর রহমান, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. ইদ্রিস আলী, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের এরপর পৃষ্ঠা ৯ কলাম ৭

## প্রেসিডেন্সি ইউনিভার্সিটিতে চলছে ভর্তিমেলা

(৩ এর পৃষ্ঠার পর) চেয়ারম্যান অধ্যাপক ড. তপন কুমার চক্রবর্তী, রেজিস্ট্রার ইন-চার্জ মিসেস রাশিদা আক্তার; সহকারী অধ্যাপক ও ডিরেক্টর, স্টুডেন্ট অ্যাফেয়ার্স ড. বিলকিস রহমানসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা ও ছাত্র-ছাত্রীবৃন্দ।